**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৮১/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ২০ এপ্রিল ২০১৭, ৭ বৈশাখ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রতিবন্ধীদের সমাজের মূলধারায় অন্তর্ভুক্ত করুন : বিশ্ব নেতাদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভুটানে বাংলাদেশ অ্যাম্বাসির চ্যান্সেরির ভিত্তিপ্রস্তর ফলক উন্মোচন করেন

৩। ভুটানে অটিজম সম্মেলনের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা
ও সঞ্চালক সায়মা ওয়াজেদ হোসেন

৪। শিক্ষার বাণিজ্যিকীকরণ বন্ধ করতে হবে : রাষ্ট্রপতি

৫। ব্যবসায়ীদের হয়রানি বন্ধে কোম্পানি আইন সংস্কার করা হবে : বাণিজ্যমন্ত্রী

৬। বাণিজ্যিক মামলা নিষ্পত্তিতে বিভাগীয় শহরগুলোতে হবে আরবিট্রেশন কোর্ট : আইনমন্ত্রী

৭। ঢাকায় ৪০০ বাস নামানোর সিদ্ধান্ত মে মাসে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৮। শ্রমিকদের সন্তানের উচ্চশিক্ষায় সহায়তা দেওয়া হবে : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী

৯। ডিজিটাল লিটারেসি বিভাগ চালু হবে : তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী

১০। মৃত্যুর পর আমানতকারীর টাকা নমিনীই পাবে : বাংলাদেশ ব্যাংকের পরিপত্র জারি

১১। পুরো পেনশন তুলে নিলেও মিলবে বৈশাখী ভাতা : অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি

**১। প্রতিবন্ধীদের সমাজের মূলধারায় অন্তর্ভুক্ত করুন : বিশ্ব নেতাদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিবন্ধী এবং অটিজম আক্রান্ত লোকজনকে সমাজের মূলধারায় অন্তর্ভুক্তির মাধ্যমে মর্যাদার সঙ্গে জীবনযাপনের সুযোগ করে দেওয়ার জন্য কার্যকর নীতি এবং কর্মসূচি গ্রহণে বিশ্বের সকল দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, 'আসুন, আমরা এদের বহুমুখী প্রতিভাকে স্বীকৃতি প্রদানে সংকল্পবদ্ধ হই, যাদের এই অসামঞ্জস্যতার কোনো চিকিৎসা নেই তাদের মর্যাদার সঙ্গে জীবনযাপনের সুযোগ করে দিই। যাতে করে তারা সমাজের মূলধারায় সম্পৃক্ত হতে পারে। প্রধামন্ত্রী শেখ হাসিনা গতকাল ১৯ এপ্রিল বুধবার থিম্পুতে অটিজম এবং নিউরোডেভেলপমেন্টাল ডিসঅর্ডার বিষয়ক তিন দিনের আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী পর্বে বিশেষ অতিথির ভাষণে একথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশেষ অতিথি হিসেবে এই আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করেন। বাংলাদেশের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ভুটানের স্বাস্থ্য মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে এবং সূচনা ফাউন্ডেশন (পূর্বের নাম গ্লোবাল অটিজম), অ্যাবিলিটি ভুটান সোসাইটি (এবিএস) এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক কার্যালয়ের কারিগরি সহযোগিতায় রয়্যাল ব্যাংকুয়েট হলে ইন্টারন্যাশনাল কনফারেন্স অন অটিজম অ্যান্ড নিউরোডেভেলপমেন্টাল ডিসঅর্ডার শীর্ষক তিন দিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্স শুরু হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **সমকাল, জনকণ্ঠ, অবজারভারসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে

**২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভুটানে বাংলাদেশ অ্যাম্বাসির চ্যান্সেরির ভিত্তিপ্রস্তর ফলক উন্মোচন করেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ১৯ এপ্রিল বুধবার হোজোতে বাংলাদেশ অ্যাম্বাসির চ্যান্সেরি ভবনের ভিত্তিপ্রস্তরের ফলক উন্মোচন করেছেন। ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক এবং ভুটানের প্রধানমন্ত্রী দাসো তেসারিং তোবগে'র উপস্থিতিতে একটি বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে প্রধানমন্ত্রী এই নামফলক উন্মোচন করেন। এর আগে হোজোতে বাংলাদেশের অ্যাম্বাসি প্রতিষ্ঠার জন্য জায়গা বরাদ্দে দুই দেশের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী এবং ভুটানের পররাষ্ট্রমন্ত্রী লিয়নপো দামচো দর্জি নিজ নিজ দেশের পক্ষে চুক্তি স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ, নিউজ টুডে, ফিনানশিয়াল এক্সপ্রেস**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩। ভুটানে অটিজম সম্মেলনের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সঞ্চালক সায়মা ওয়াজেদ হোসেন**

ভুটানে অটিজম নিয়ে আন্তর্জাতিক সম্মেলনের একটি সেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভাপতি এবং সায়মা ওয়াজেদ পুতুল সঞ্চালক হিসেবে নেতৃত্ব দিলেন। থিম্পুতে গতকাল ১৯ এপ্রিল বুধবার সকালে তিন দিনের 'অটিজম অ্যান্ড নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর পর দুপুর দুটায় রয়্যাল ব্যাঙ্কোয়েট হলে আন্তর্জাতিক এই সম্মেলনের অংশ হিসেবে টেকসই উন্নয়ন লক্ষ্য নিয়ে উচ্চ পর্যায়ের একটি আলোচনা সভা হয়। প্রায় দুই ঘন্টার এ সভায় চেয়ারপারসন ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা, কো-চেয়ার ছিলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার আঞ্চলিক পরিচালক (দক্ষিণ-পূর্ব এশিয়া) পুনম ক্ষেত্রপাল সিং। অনুষ্ঠানে সঞ্চালকের দায়িত্ব পালন করেন প্রধানমন্ত্রীর কন্যা সায়মা ওয়াজেদ হোসেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২) **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

**৪। শিক্ষার বাণিজ্যিকীকরণ বন্ধ করতে হবে : রাষ্ট্রপতি**

বাণিজ্যিকীকরণ শিক্ষার গুণগত মান ব্যাহত করে মন্তব্য করে তা বন্ধের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেন, বাণিজ্যিকীকরণ শিক্ষার গুণগত মানকে ব্যাহত করে। অনেক ক্ষেত্রে মেধা বিকাশের পথকে বাধাগ্রস্ত করে। তাই শিক্ষার বাণিজ্যিকীকরণ বন্ধ করতে হবে। সার্টিফিকেট একজন শিক্ষার্থীর শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি হলেও শিক্ষার মূল লক্ষ্য হতে পারে না। গতকাল ১৯ এপ্রিল বুধবার ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির ভাষণে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.৪,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২),

**৫।  ব্যবসায়ীদের হয়রানি বন্ধে কোম্পানি আইন সংস্কার করা হবে : বাণিজ্যমন্ত্রী**

ব্যবসায়ীদের হয়রানি বন্ধে কোম্পানি আইন সংস্কার হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, সহজে যাতে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ করা যায় সে বিষয়ে কাজ করা হচ্ছে। আর আমলাতান্ত্রিক জটিলতা ও সরকারে বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়হীনতার কারণে বাংলাদেশে ব্যবসায়িক



পরিবেশ বাধাগ্রস্ত হয় বলে মত দিয়েছেন ব্যবসায়ী ও বিভিন্ন মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তারা। গতকাল ১৯ এপ্রিল বুধবার বাণিজ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে ব্যবসায়ী ও আমলারা এ মত দেন। বৈঠকে সভাপতিত্ব করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। বৈঠকে ব্যবসা শুরুর সমস্যা সমাধানে সব মন্ত্রণালয়ে টাস্কফোর্স গঠনের পরামর্শ দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **প্রথম আলো** (পৃ.১,ক.১),

**৬।  বাণিজ্যিক মামলা নিষ্পত্তিতে বিভাগীয় শহরগুলোতে হবে আরবিট্রেশন কোর্ট : আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, বাণিজ্যিক মামলা নিষ্পত্তির জন্য বিভাগীয় শহরগুলোতে আরবিট্রেশন কোর্ট স্থাপন করা হবে। গত ১৮ এপ্রিল মঙ্গলবার সচিবালয়ে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) একটি দ্বিপাক্ষিক সভায় তিনি এ কথা বলেন। বাংলাদেশে দেশীয় ও বৈদেশিক বিনিয়োগ গতিশীল করার লক্ষ্যে সরকার ও সরকারি সংস্থাগুলোর সাথে বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নিয়মিত কর্মসূচির আওতায় এ দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ. ১৮, ক.৫)।

**৭।  ঢাকায় ৪০০ বাস নামানোর সিদ্ধান্ত মে মাসে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

ঢাকার গণপরিবহণ সংকট নিরসনে বিদেশ থেকে ৪০০ বাস নামানোর চিন্তাভাবনা হচ্ছে। এ বিষয়ে আগামী মে মাসে সিদ্ধান্ত নেওয়া হবে। গতকাল ১৯ এপ্রিল বুধবার সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানিয়েছেন। এদিন রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার রুটে সিল্ক লাইন ট্রাভেলসের বাস সার্ভিসের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.৬)।

**৮।  শ্রমিকদের সন্তানদের উচ্চশিক্ষায় সহায়তা দেওয়া হবে : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী**

আগামী ৭ মে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের তহবিল থেকে শ্রমিকদের সন্তানদের উচ্চশিক্ষায় শিক্ষা সহায়তা প্রদান করা হবে বলে জানিছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক। গতকাল ১৯ এপ্রিল বুধবার ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন কনভেনশনের ১৩৮ ধারা অনুস্বাক্ষর শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিল্পকলা একাডেমির সেমিনার রুমে বাংলাদেশ সংবাদ সংস্থার 'বিএসএস ইনফোটেইনমেন্ট ডট নেট' অস্ট্রেলিয়ান এইড, সিএসআইডি ও ওয়ার্ল্ড ভিশনের সহযোগিতায় এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.৫,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৯।  ডিজিটাল লিটারেসি বিভাগ চালু হবে : তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী**

অনলাইনে হয়রানি প্রতিরোধ ও সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে সরকার ডিজিটাল লিটারেসি বিভাগ চালু করবে বলে জানিয়েছেন তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক। গতকাল ১৯ এপ্রিল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে 'সাইবার সিকিউরিটি অ্যাওয়ারনেস ফর উইমেন এমপাওয়ারমেন্ট' বিষয়ক এক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ তথ্য জানান। সরকারের আইসিটি বিভাগের অধীনে সিসিএ এ কর্মশালার আয়োজন করে। প্রতিমন্ত্রী বলেন, সাইবার অপরাধের শিকার হলে করণীয় সম্পর্কে জানাতে স্কুল ছাত্রীদের প্রশিক্ষণের উদ্যোগ হিসেবে এই কর্মশালা চালু করা হয়। আটটি বিভাগের ৪০টি স্কুল কলেজের প্রায় ১০ হাজার ছাত্রীকে সচেতন করার উদ্যোগ নেওয়া হয়েছে। কর্মসূচি শেষে ৪০টি বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৩)।

**১০।  মৃত্যুর পর আমানতকারীর টাকা নমিনীই পাবে : বাংলাদেশ ব্যাংকের পরিপত্র জারি**

ব্যাংক-কোম্পানি আইন অনুযায়ী আমানতকারীর মৃত্যুর পর তার মনোনীত নমিনীকেই অর্থ পরিশোধ করতে হবে। গতকাল ১৯ এপ্রিল বুধবার বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এ সংক্রান্ত একটি পরিপত্র জারি

করে তফসিলি ব্যাংকগুলোর প্রধান নির্বাহীর কাছে পাঠিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ. ১৮,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ফিনানশিয়াল একপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

**১১। পুরো পেনশন তুলে নিলেও মিলবে বৈশাখী ভাতা : অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি**

অবসরে যাওয়া সরকারি চাকরিজীবী যারা শতভাগ পেনশনের টাকা তুলে নিয়েছেন তারাও বৈশাখী ভাতা পাবেন। গতকাল **১৯** এপ্রিল বুধবার অর্থ মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। অর্থ মন্ত্রণালয় বলেছে, বিলম্বে প্রজ্ঞাপনটি জারি করা হলেও **১৪২৪** বাংলা নববর্ষ থেকেই বকেয়া হিসেবে এ ভাতা তুলতে



পারবেন তারা। জানা যায়, বর্তমানে অবসরে যাওয়া শতভাগ পেনশন সমর্পনকারীর সংখ্যা প্রায় ৯৫ হাজার। সরকারি চাকরিজীবীদের পাশাপাশি এখন থেকে এরা সবাই নববর্ষ ভাতা পাবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৮), **নিউজ এজ** (শেষ পৃ.,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** কারিগরি শিক্ষার মানোন্নয়নে বোর্ডের সুনির্দিষ্ট নীতিমালাগুলি যথাযথ ভাবে মেনে চলার ওপর গুরুত্বারোপ।

খ. **জনকণ্ঠ, সংবাদ, যুগান্তর, ইনকিলাব, ফিনানশিয়াল এক্সপ্রেস, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ :** অপ্রতুল, জরাজীর্ণ পরিবহণ ও যথেচ্ছা ভাড়া আদায় করাসহ গণপরিবহনের নানা নৈরাজ্য রোধে কঠোর পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সংবাদ :** রমজানের আগেই অস্থির হয়ে উঠা নিত্যপণ্যের বাজার স্থিতিশীল রাখতে যারা এসব পণ্যের দাম বাড়াচ্ছে তাদের সিন্ডিকেট ভাঙতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে কঠোর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** দীর্ঘদিন কারাগারে থাকার পর মুক্তি পাওয়া বন্দিদের পুনর্বাসনের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইনকিলাব :** তফসিলী ব্যাংকগুলোতে হাজার হাজার কোটি টাকা জমা থাকলেও এ অর্থ বিনিয়োগে কাজে লাগাতে পারছে না শিল্পাদ্যোক্তরা উল্লেখ করে দেশে বিনিয়োগর সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** চালের দাম উর্ধ্বমুখী হওয়ায় এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ কামনা।

ছ. **ডেইলি সান :** রাজধানীর যে কয়টি কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে নেওয়া হয়েছে তা যেন দ্রুত সেশনজট মুক্ত হয় এ প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**মানবকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সঙ্গে মন-মানসিকতার উন্নয়ন, দৃষ্টিভঙ্গীর পরিবর্তন ও বিবেকের বিকাশ ঘটাতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'হাওরের চাষাবাদ ও অর্থনীতি'** শিরোনামের নিবন্ধে ড. জাহাঙ্গীর আলম আমাদের সকল ঐকান্তিকতা দিয়ে যত দ্রুত সম্ভব হাওর উন্নয়নের মহাপরিকল্পনা বাস্তবায়ন করা উচিত যাতে কৃষকগণ আর কখনো মহাদুর্যোগে নিপতিত না হয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা